ছাত্র সমাজই শক্তিশালী করবে জাতীয় পার্টিকে: গোলাম মোহাম্মদ কাদের

জাতীয় পার্টির চেয়ারম্যান ও বিরোধী দলীয় উপনেতা গোলাম মোহাম্মদ কাদের এমপি বলেছেন, জাতীয় ছাত্র সমাজকে লাঠিয়াল বাহিনী হিসেবে দেখতে চাইনা। আমরা চাই ছাত্র সমাজ লেখাপড়ার পাশাপাশি নিজেদের নেতৃত্বের বিকাশ ঘটাবে। আগামী দিনের নেতৃত্বের জন্য নিজেদের তৈরী করবে ছাত্ররা। কারণ, ছাত্রদের একটি গৌরবোজ্জল ঐহিত্য ছিলো। ছাত্ররা শুধু নিজেদের অধিকারই নয়, দেশ ও জাতীর স্বার্থে আন্দোলন সংগ্রাম করে নিজেদের জীবন উৎসর্গ করেছে। বর্তমানে ছাত্রদের গৌরবোজ্জল ঐতিহ্য কিছুটা ম্লান হয়েছে। এখন সাধারন মানুষ ছাত্রদের ভক্তির পরিবর্তে ভয় এবং সম্মানের পরিবর্তে আতংক মনে করে।

জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের এমপি আজ বুধবার দুপুরে ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউশন মিলনায়তনে জাতীয় ছাত্র সমাজের কেন্দ্রীয় সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তৃতায় এ কথা বলেন।

জাতীয় ছাত্র সমাজ সম্মেলন প্রস্তুতি কমিটির আহবায়ক মোঃ জামাল উদ্দিন এর সভাপতিত্বে ও সদস্য সচিব ফয়সাল দিদার দিপু’র সঞ্চালনায় অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের আরো বলেন, মেধা ও দেশপ্রেম দেখেই আগামী দিনের ছাত্র সমাজের নেতৃত্ব নির্বাচন করতে হবে। যারা ভয়-ভীতির উর্ধ্বে থেকে দেশ, সমাজ ও দলের জন্য অবদান রাখতে পারবে। অন্যান্য রাজনৈতিক দল গুলো থেকে সাধারন মানুষের দৃষ্টি এখন জাতীয় পার্টির দিকে। সাধারন মানুষ জাতীয় পার্টিকে আরো শক্তিশালী দেখতে চায়। সাধারন মানুষ আগামী দিনে জাতীয় পার্টিতেই আস্থা রাখতে চায়। তাই দেশের মানুষের প্রত্যাশা পূরণে ছাত্র সমাজই শক্তিশালী করবে জাতীয় পার্টিকে। তিনি বলেন তরুনরা অন্যায়ের প্রতিবাদ করবে, পাশাপাশি অসহায় মানুষের পাশে সাহায্যের হাত বাড়াবে। আমরা জাতীয় ছাত্র সমাজকে নতুন আঙ্গিকে দেখতে চাই। আমরা ক্যাম্পাস ভিত্তিক মেধা নির্ভর নেতৃত্ব দেখতে চাই জাতীয় ছাত্র সমাজে। যারা মেধা ও চারিত্রিক গুনাবলী দিয়ে দেশের মানুষের মন জয় করবে।

জাতীয় পার্টি চেয়ারম্যান বলেন, এরশাদ আমাদের আদর্শ, এরশাদ আমাদের প্রেরণা। আমরা পল্লীবন্ধু হুসেইন মুহম্মদ এরশাদের অসমাপ্ত কাজ শেষ করতে আমরণ কাজ করে যাবো।

এসময় জাতীয় পার্টির মহাসচিব ও বিরোধী দলীয় চীফ হুইপ মসিউর রহমান রাঙ্গা এমপি বলেন, বাংলাদেশের ছাত্র রাজনীতিতে জাতীয় ছাত্র সামজের গৌরবোজ্জল ঐতিহ্য রয়েছে। জাতীয় ছাত্র সমাজ কখনো হল দখল করেনা, টেন্ডারবাজী, সন্ত্রাস ও চাঁদাবাজী করেনা। পল্লীবন্ধু হুসেইন মুহম্মদ এরশাদের আদর্শ মেনে রাজনীতিতে অবদান রাখতে জাতীয় ছাত্র সমাজের প্রতিটি নেতা-কর্মীর প্রতি আহবানও জানান মসিউর রহমান রাঙ্গা।
অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য জিয়াউদ্দিন আহমদে বাবলু, সৈয়দ আবু হোসেন বাবলা এমপি, এস.এম ফয়সল চিশতী, এড. রেজাউল ইসলাম ভুইয়া, মোস্তাকুর রহমান মোস্তাক, যুগ্ম মহাসচিব- গোলাম মোহাম্মদ রাজু, মোঃ নোমান মিয়া, সাংগঠনিক সম্পাদক নির্মল দাস, এড. আব্দুল হামিদ ভাষানী, ইফতেকার আহসান হাসান, মিজানুর রহমান মিরু, ছাত্রনেতা- আব্দুর রহমান রোহান (ঢাকা বিশ^বিদ্যালয়) এরশাদুল বারী নাছিম (জগন্নাথ বিশ^বিদ্যালয়), জাকারিয়া অপু (রাজশাহী বিশ^বিদ্যালয়), মোঃ আরিফ আলী, (কারমাইকেল কলেজ), আতা-ই-বারী তানভীর,(চট্টগ্রাম বিশ^বিদ্যালয়), শাহ আনামুল হক (তিতুমীর কলেজ), অয়ন মাহমুদ (নীলফামারী জেলা), আশিকুর রহমান (বরিশাল জেলা) অর্নব চৌধুরী (ঢাকা উত্তর), নজরুল ইসলাম (চট্টগ্রাম মহানগর), সাব্বির হোসেন মিল্লাহ (ময়মনসিংহ জেলা), নাজমুল হাসান রেজা প্রমুখ।

উপস্থিত ছিলেন- জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য গোলাম কিবরিয়া টিপু এমপি, সুনীল শুভ রায়, হাজী সাইফুদ্দিন আহমেদ মিলন, মোস্তাফিজার রহমান মোস্তফা মেয়র, আলহাজ¦ আব্দুস সাত্তার মিয়া, আলমগীর সিকদার লোটন, মোঃ এমরান হোসেন মিয়া, নাজমা আক্তার এমপি, উপদেস্টা- রওশন আরা মান্নান এমপি, ড. নূরুল আজহার, ভাইস চেয়ারম্যান- মোঃ আরিফুর রহমান খান, সরদার শাহজাহান, আহসান আদেলুর রহমান এমপি, য্গ্মু-মহাসচিব শেখ আলমগীর হোসেন, সুলতান আহমেদ সেলিম, শফিউল্লাহ শফি, মোঃ শফিকুল ইসলাম শফিক, এড. শাহিদা রহমান রিংকু, সম্পাদক মন্ডলীর সদস্য, ফকরুল আহসান শাহজাদা, মোঃ হেলাল উদ্দিন, সুলতান মাহমুদ, শারমিন পারভীন লিজা, নুরুল ইসলাম তালুকদার এমপি, হুমায়ুন খান, আহাদ চৌধুরী শাহিন, এমএ রাজ্জাক খান, সৈয়দা পারভীন তারেক, মাখন সরকার, বেলাল হোসেন, আবু সাঈদ

স্বপন, মাহমুদা রহমান মুন্নি।

কেন্দ্রীয় নেতা- মোঃ ইলিয়াস উদ্দিন, মুহাম্মদ মাসুদুর রহমান চৌধুরী, আজহারুল ইসলাম সরকার, লুৎফর রেজা খোকন, ফজলে এলাহী সোহাগ, রিতু নূর, মোঃ ইয়াকুব হোসেন, মিনি খান, মোঃ সোলায়মান সামি, মোঃ দ্বীন ইসলাম শেখ, রাশেদ চৌধুরী, ঝোটন দত্ত, আসমা সুলতানা, জেসমিন নুর প্রিয়াংকা, নাছির উদ্দিন সিদ্দিকী প্রমুখ।